প্রতিষ্ঠাতা সম্পাদক : ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

ISSN 0971-9792

মানবমন



কালানুক্রমিক পঞ্জি

1961–2010

মনোবিজ্ঞান, জীববিজ্ঞান ও সমাজবিজ্ঞানের
আধুনিক ধারা পরিচায়ক
ত্রৈমাসিক পত্রিকা

কালানুক্রমিক পঞ্জি (1961-2010)
মানবমন

সম্পাদনা
বাসুদেব মুখোপাধ্যায়

পাভলভ ইনস্টিটিউট

Kalanukromic Panzi
MANABMON

প্রথম প্রকাশ
পঞ্চাশ বছর পূর্তি 26.02.2011

প্রকাশক
গৌতম বন্দ্যোপাধ্যায়
পাভলভ ইনস্টিটিউট
কলকাতা-700 007
ফোন : 22412935
ই-মেল : basudev98@gmail.co.in

মুদ্রাকর
শান্তি মুদ্রণ,
32/3 পটুয়াটোলা লেন,
কলকাতা-700 009

প্রচ্ছদ
সুবোধ দাস

দাম : 40 টাকা

কথামুখ

অবশেষে আমরা 'মানবমন'-এর এতদিনের কালানুক্রমিক পঞ্জি করতে সমর্থ হয়েছি। এই পঞ্জিতে বাংলা সংখ্যাগুলি ইংরাজি করা হয়েছে এবং মুদ্রণ প্রমাদ যতখানি সম্ভব এড়াবার চেষ্টা করা হয়েছে।

পত্রিকা পঞ্চাশ বছর পার করে একান্নতে পড়ল। 1961 সালে পত্রিকা শুরু করা হয়েছিল কি অভিপ্রায়ে সে কথা প্রাঞ্জলভাবে প্রতিষ্ঠাতা-সম্পাদক জানিয়েছেন তা এই পঞ্জিতে নথিভুক্ত রয়েছে। এরপর পত্রিকার পঁচিশ বছর পূর্তির কথাও তিনি লিপিবদ্ধ করেছেন, যা পাঠ করে সকলে অবগত হবেন প্রবহমান কালের স্রোতে নানা টানাপোড়েন অতিক্রম করে কিভাবে পত্রিকা প্রকাশিত হয়ে এসেছে। এছাড়া পত্রিকার অসংখ্য সম্পাদকীয়তে সম্পাদক এমন একটি পত্রিকা নিরবচ্ছিন্নভাবে প্রকাশ করতে পারার জন্য প্রচ্ছন্নভাবে হলেও শ্লাঘা বোধ করেছেন, তাও নথিভুক্ত আছে।

পত্রিকার পঞ্চাশ বছরে তাই গুরুর দায় লাঘব করতে পারলেও এক বাড়তি দায় এসে পৌঁছায়। যেমন দেশ-কাল ও সমাজের বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে 'মানবমন' কেমন করে মানিয়ে নিতে পেরেছে বা মানিয়ে নিচ্ছে। অথবা যে দায়িত্ব সে একদা স্বঘোষিতরূপে কাঁধে নিয়েছিল তা সে যথাযথ পালন করতে পারছে কিনা। এমন বিস্তারিত আলোচনার সুযোগ আছে। আপনাদের অনুরোধ করব, এমন বিচারশীল আলোচনা আপনারা করুন। তবে এখানে একটা কথা বলা আবশ্যক, বর্তমানে সমস্ত দিক থেকে মানবমনের সাংগঠনিক অবস্থা অনেক ভালো। বিগত কুড়ি বছর ধরে মানবমনের একটি সংখ্যাও যুগ্ম সংখ্যা হয়নি বা এর পাতায় একবারের জন্যেও এমন লেখা দেখা যাবে না যে নানা কারণে পত্রিকা বন্ধ হবার উপক্রম হয়েছে। এখন 'মানবমন' দাবি করতে পারে যে তার স্থায়ী বাসস্থান হয়েছে (6 জে, সোদপুর রোড, হরিদেবপুর, কলকাতা - 700082) এবং সে কোনো ধরনের ফান্ড বা বিজ্ঞাপনের মুখাপেক্ষী আগেও ছিল না, এখনো নয়।

এমন ভালো অবস্থার এসে পৌঁছতে পারার কারণ 'মানবমন'-এর কর্মী এবং সহযোগী বন্ধুদের আন্তরিক, একনিষ্ঠ পরিশ্রম এবং আত্মনির্ভরশীল হওয়ার মনোভাব। বিগত কুড়ি বছর ধরে 'মানবমন' 'বই মেলা'য় স্টল দিচ্ছে এবং নানা লেখকের লেখা প্রকাশিত পুস্তকের সংখ্যা এখন প্রায় পঁচিশটি। এই অবস্থা 'মানবমন' বা পাভলভ ইনস্টিটিউট কখনো কল্পনাও করতে পারত না। এর মধ্যে একটি ইংরাজি কাগজ বেরিয়েছে (*Psyche and Society*, 2003)। জানি না এই বৃদ্ধি-বিকাশের জন্য আমাদের গুণগত মান নেমে গেছে কিনা। এই বিচার আমাদের পক্ষে করা সম্ভব নয়। এই বিচারের ভার রইল আমাদের পত্রিকার বিদগ্ধ, সচেতন পাঠক/পাঠিকাদের ওপর। কারণ মনে এমন আশঙ্কা থাকেই যে বাইরের দৈন্যদশা ঘুচে অন্তরের দৈন্যদশা বাড়ছে না তো? যা দিনকাল পড়েছে তাতে এমন হতেই পারে। তবে আমরা কঠোরভাবে সচেতন যে সামান্যতম আত্মতুষ্টিতে না ভুগে নিজেদের মধ্যে লড়াইটা জারি রাখতে হবে। আমরা সৌভাগ্যবান যে, কঠোর সমালোচনা করার মানুষজন আমাদের চারপাশে আছেন।

প্রায়শই একদল মানুষ এমন কথা বলেন যে বিগত দিনগুলি অনেক ভালো ছিল, এখন অবস্থা অনেক খারাপ হয়েছে। কথাটা একেবারে ফেলে দেবার মতো নয়। কারণ মানবমনের ক্ষেত্রেই বলতে পারি, এই পঞ্জিতে নথিভুক্ত আছে, অনেক জ্ঞানীগুণী পণ্ডিত মানুষ এই পত্রিকায় ধারাবাহিকভাবে লিখেছেন। ধীরেন্দ্রনাথের ক্ষমতাকে স্বতন্ত্র, ব্যতিক্রম ধরে নিলেও এটা ঠিকই যে বামপন্থী মনোভাবাপন্ন একদল মানুষ যাঁরা নিয়মিত পড়াশোনা করতেন তাঁরা এই পত্রিকায় নিয়মিত লিখতেন এবং লিখতে আগ্রহীও ছিলেন। কিন্তু এমন মানুষজন

আজকাল দুর্লভ। এটা শুধু যে এই পত্রিকার জন্য সত্য তা নয়, বাংলার সমস্ত সাহিত্যপত্রিকার ক্ষেত্রেও সত্য। আজ যাঁরা এই সমস্ত পত্র-পত্রিকার সঙ্গে কোনোভাবে যুক্ত আছেন তাঁরা জানেন, অল্পসময়ের মধ্যে দ্রুত ফললাভ করা আজকের দিনের সকল মানুষের চিন্তা-ভাবনার প্রবণতা। তাই প্রতিষ্ঠিত কাগজগুলিতে সাংবাদিকতাধর্মী, অগভীর লেখার কদর অনেক বেশি। স্বভাবতই এই প্রতিকূল অবস্থার বিরুদ্ধে লড়াই করে পত্রিকাকে এগিয়ে যেতে হচ্ছে। তবু স্বীকার করা ভালো যে সিরিয়াস, মননধর্মী, মৌলিক লেখা আমরা খুব কম পাই।

এই প্রসঙ্গে একটা কথা বলার লোভ সামলাতে পারছি না, আন্তর্জাতিক স্তরে চীন-ভারত যুদ্ধ এবং সোভিয়েত সমাজতন্ত্রের পতন আমাদের দেশে-সমাজে সমাজতান্ত্রিক ভাবধারার প্রচার-প্রসারে গভীর প্রভাব ফেলেছে। এর তাৎক্ষণিক এবং দীর্ঘস্থায়ী পরিণাম হল মার্কসবাদের প্রতি, সমাজবাদের প্রতি তীব্র ঘৃণা বা বিদ্বেষ এবং দেশে দেশে নিপীড়িত মানুষের লড়াইয়ের প্রতি চরম উদাসীনতা, অবহেলা। একটা সময় ছিল যখন মার্কসবাদীদের মধ্যেই সমাজসচেতন পণ্ডিত মানুষের সংখ্যা ছিল সর্বাধিক। আজ তেমন মানুষ খুঁজে পাওয়া ভার।

এই টানাপোড়েনের আবশ্যিক ফল, সংখ্যায় কম হলেও 'মানবমন'-এর এক নির্দিষ্ট লেখকগোষ্ঠী তৈরি হওয়া। অনেকেই অভিযোগ করছেন পত্রিকায় নতুন লেখকের দেখা মিলছে না, সেই একই ব্যক্তি বছর বছর ধরে পত্রিকায় লিখে চলেছেন। এই বিষয়টিতে আমরা অনন্যোপায়। তবে আপনাদের অবগতির জন্য জানাচ্ছি দেশে-বিদেশে আমাদের মতো এমন প্রতিটি পত্রিকার নির্দিষ্ট লেখকগোষ্ঠী তৈরি হয়ে থাকে এবং তাঁরাই পত্রিকায় নিয়মিত লিখে পত্রিকাকে বাঁচিয়ে রাখেন।

এই পত্রিকা প্রকাশের ক্ষেত্রে প্রথম পনেরো বছর প্রবল উৎসাহ-উদ্দীপনা ছিল এবং তখন পারিপার্শ্বিক অবস্থাও ভালো ছিল ও ধীরেন্দ্রনাথের বয়স কম ছিল এবং অসংখ্য সহযোগী বন্ধু, অনুজ সহকর্মী তিনি পেয়েছিলেন। বিশেষত কলকাতায় ধীরেন্দ্রনাথের পরিচিতজন ছাড়াও সুদূর কাটোয়া থেকে অধ্যাপক ধ্রুবজ্যোতি মজুমদার তাঁকে যথেষ্ট সাহায্য করেছেন। পরবর্তী দশ বছর ধীরেন্দ্রনাথের কার্যকালের ভাঁটার সময়। পঁচিশ বছর পর এই পত্রিকা একক প্রচেষ্টায় চালিয়ে নিয়ে যাওয়া যথেষ্ট কষ্টকর হয়ে দাঁড়ায়। এই সময়ে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় সাহায্য দিয়েছেন অধ্যাপক রামকৃষ্ণ ভট্টাচার্য এবং পরবর্তীকালে বর্তমান সম্পাদকের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়েছেন আশীষ লাহিড়ী। এঁরা মানবমন ও পাভলভ ইনস্টিটিউটের চিরবন্ধু, চিরনির্ভর। মোটামুটি 1991 সাল থেকে বর্তমান সম্পাদক এই পত্রিকার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছেন এবং তাঁকে শর্তহীনভাবে সাহায্য করে চলেছেন পাভলভীয় মনোরোগ-বিশেষজ্ঞ গৌতম বন্দ্যোপাধ্যায়।

এছাড়া আরও অনেকের নাম উল্লেখ করতেই হবে যাঁরা নীরবে, নিঃশব্দে এই পত্রিকাকে সাহায্য করে চলেছেন যেমন বঙ্কিম দত্ত, তুষার চক্রবর্তী, সুনীল বিশ্বাস, ডাঃ অমিতরঞ্জন বসু প্রমুখেরা। আর পত্রিকার পরিচালকমণ্ডলীতে রয়েছেন পবন মুখোপাধ্যায়, নিবারণ সাহা, দুলাল কর, বিষ্ণু সরকার, নিমাই দে, আলিউল হক, ষষ্ঠীপদ মণ্ডল, চন্দ্রশেখর মাজিলা প্রমুখেরা।

আশা করছি বাঙালি মানুষজনের মধ্যে 'মানবমন' শতবর্ষ আয়ু পাবে।

সম্পাদক

মানবমন-এর কালানুক্রমিক পঞ্জি

বিশেষ প্রথম সংখ্যা 1 দাম এক টাকা আগস্ট, 1961

ভূমিকা

অতি নমনীয় সহজ-শিক্ষাক্ষম নার্ভতন্ত্র মানুষকে এক বিশেষ স্বাতন্ত্র্যের অধিকারী করেছে। এ স্বাতন্ত্র্যকে আরও বৈশিষ্ট্য দিয়েছে তার কথা-বলা ও চিন্তা করার ক্ষমতা — তার ভাষার ওপর অধিকার। সে স্যাপিয়েন্স্ — চিন্তাবিদ: আবার হোমো — বুদ্ধিমান, বিচক্ষণ, বিচারক্ষম। সে নতুন কিছু দেখলেই যান্ত্রিকভাবে নির্দিষ্ট একটা কিছু করে বসে না। সে চিন্তা করে, সব কটি সম্ভাব্য ব্যবহারের কথাই সে মনে মনে চিন্তা করে। প্রয়োগ না করেই সে অনেক সময় ধরতে পারে কোন্‌টা তার পক্ষে সঙ্গত। ভুল না করেই ভুল বুঝতে পারে। আবার ভাষা তাকে বিপন্নও করতে পারে। ভাষা বাস্তবকে বিমূর্ত করে, কাজেই মানুষকে বাস্তব থেকে বিচ্ছিন্ন করতে পারে। সত্যকে বিকৃত করতে পারে।

তাই অ্যাসলে মন্টেগু লিখেছেন — To be human is to be in danger। বিভ্রান্ত ও বিমূঢ় মানুষ তাই আজ আত্মরক্ষার অজুহাতে আত্মধ্বংসী অ্যাটম বোমা, হাইড্রোজেন বোমা স্তূপীকৃত করছে। নিউট্রন বোমা তৈরির প্রথম পর্বও শেষ। নিউট্রন বোমার বিশেষত্ব এই যে এ বোমা পৃথিবীর প্রাণীভার লাঘব করবে। মানুষ মরবে কিন্তু আর্থিক ক্ষয়ক্ষতি ঘটবে না, কলকারখানা বাড়িঘর অটুট থাকবে। যে সভ্যতা মানুষের থেকে অর্থকে প্রাধান্য দিয়েছে তার পক্ষে এটা কিছু অস্বাভাবিক বা অযৌক্তিক নয়। পৃথিবীর অনেক শ্রেষ্ঠ মানুষ এই আত্মধ্বংসী অভিযান থেকে মানুষকে ফিরিয়ে আনবার চেষ্টা করছেন নিঃসন্দেহ, কিন্তু একদল মানুষ সত্যিই মনে করছেন এই পারমাণবিক অস্ত্রসজ্জাই যুদ্ধকে থামিয়ে রাখবার একমাত্র উপায়। আবার কেউ কেউ ভাবছেন — সমস্যা-কণ্টকিত পৃথিবীর অজস্র সমস্যা নিরসনের একমাত্র উপায় সভ্যতার সম্পূর্ণ বিলুপ্তি।

মানুষের আসল সমস্যা কি?

আমাদের জীবদ্দশায় তত্ত্বগত ও প্রযুক্তিগত ক্ষেত্রে বিজ্ঞানের অবিশ্বাস্যরকম উন্নতি ঘটেছে। এই এখনই মহাশূন্য পথে শূন্যচারী মানুষ আত্মনিয়ন্ত্রিত মহাব্যোমযানে পৃথিবী পরিক্রমায় রত। পারমাণবিক-বিদ্যার দৌলতে বিজ্ঞানের বিভিন্ন বিভাগ সমৃদ্ধ। যান্ত্রিক স্বয়ংক্রিয়তা প্রয়োগে মানুষের কায়িক শ্রম ও বৌদ্ধিক শ্রম লঘুকৃত। বিজ্ঞান আজ স্বার্থান্বেষীর কবলমুক্ত ও সুপ্রযোজিত হলে মানুষের সব অভাব-অনটন দূর করে তাকে নীরোগ ও দীর্ঘায়ু করতে পারে। প্রচুর অবসর দিতে পারে আর সেই অবসর বিনোদনের জন্য দিতে পারে অজস্র সংস্কৃতিমূলক চিত্তসমৃদ্ধকারী কাজের সন্ধান। অস্ত্রসজ্জায় নিয়োজিত অর্থের সুপরিকল্পিত বিনিয়োগ পৃথিবীর অনশন অর্ধাশন যে কয়েক বছরের মধ্যেই দূর হতে পারে — এ আজ আর আদর্শবাদীর স্বপ্নবিলাস নয়, একেবারে অবধারিত।

আসল সমস্যার নিরসন না হলে — এ আশা কিন্তু সুদূর পরাহত। আসল সমস্যা মানবিক সম্পর্ক গঠনের মূলগত কারণ নির্ণয় ও সে-সম্পর্কের উন্নয়ন ব্যবস্থা। মানুষের পারস্পরিক সম্পর্ককে কেন্দ্র করেই অন্য সব সমস্যার সৃষ্টি হয়েছে। মানব-মন সম্পর্কে যে সব তত্ত্ব এ-যাবৎ বহু প্রচারিত ও একরকম অভ্রান্ত বলে অনুমিত — সেগুলোকে পুনর্বিচার করে দেখা আজকের দিনে সব থেকে গুরুত্বপূর্ণ মনে করি। জাতিতে জাতিতে যুদ্ধ অনিবার্য, মানুষে মানুষে প্রতিযোগিতা তার সত্তার বিকাশের পক্ষে অপরিহার্য — এই প্রচার সর্বব্যাপী। কাজেই মানুষকে ভালোবাসো — এ উপদেশ সভ্যতার সেই প্রথম দিন থেকে বর্ষিত হলেও মানুষ মানুষকে ভালোবাসতে পারছে না। পরিবারের মধ্যে গোষ্ঠীর মধ্যেও দেখছি স্বার্থ-সংঘাতজনিত কলহ ও বিদ্বেষ। ধর্মগত, জাতিগত বিভেদ-সংঘর্ষের উল্লেখ নিষ্প্রয়োজন। যুদ্ধের অনিবার্যতা ও প্রতিযোগিতার অপরিহার্যতা — মনস্তত্ত্ব ও সমাজতত্ত্বের পণ্ডিতদের মুখ থেকে শুনে শুনে — অভ্রান্ত মনে করতে আজ অভ্যস্ত।

উনিশ শতকের শিল্পবিপ্লব ও শিল্পপ্রসারের দিনে ইংল্যান্ডের সমাজ-জীবনে যেসব সমস্যা দেখা দিয়েছিল, স্বাভাবিকভাবেই তার বৈজ্ঞানিক ব্যাখ্যা খুঁজছিল মানুষের মন। ব্যাখ্যা এল টমাস রবার্ট ম্যালথাসের (1766-1837) কাছ থেকে। শিল্পমালিকদের খুব সুবিধা হল। ডারউইন প্রজাতির বিবর্তনের ব্যাখ্যা খুঁজতে গিয়ে (1859) ম্যালথাসের দ্বারা প্রভাবিত হলেন ও তাঁর 'বাঁচবার জন্য লড়াই'-তত্ত্ব শিক্ষিতমহলে সরাসরি গৃহীত হল। হার্বার্ট স্পেন্সার আরও খানিকটা এগিয়ে গেলেন। শ্রেণীসংঘর্ষ ও আন্তর্জাতিক লড়াইকে তিনি জীব-জগতের ধর্ম বলে প্রচার করলেন। তারা শুধু বাঁচবে — যারা শক্ত আর উপযুক্ত — এই শিক্ষা মানবমনকে আচ্ছন্ন করল। মানবিক গুণ যেমন ভালোবাসা, দয়া, সহানুভূতি — এগুলো মানব-মনে থাকলেও মানুষের বেঁচে থাকার জন্য এদের প্রয়োজন নেই।

বিশ-শতকের মানুষ আরও প্রামাণ্য-সূত্র খুঁজছিল। এলেন জেমস্, এলেন ফ্রয়েড অ্যাডলার-ইয়ুং। — মানুষে-মানুষে শক্তি, বুদ্ধি ও মানবিকতার তারতম্য — এঁরা অভ্রান্ত সত্য বলে জাহির করলেন। আরও শক্তিশালী করলেন ম্যালথাস — স্পেন্সারের সর্বনেশে প্রচারকে নতুন-নতুন গবেষণালব্ধ তথ্য দিয়ে। মানব-মন নিয়ে গবেষণা — কিন্তু পদ্ধতি সেই পুরাতন ও সনাতন — আত্মজিজ্ঞাসা ও মনঃসমীক্ষা, অর্থাৎ অন্তর্দর্শন। শিল্পমালিকদের দল — যাঁরা আজ অধিকাংশ গবেষণা-কেন্দ্রের রুধির জোগান ও অনেক সরকারের প্রধান পৃষ্ঠপোষক — এই সব সূত্র ও তত্ত্ব বাজারে চালু করতে সাহায্য করলেন।

প্রাকৃতবিজ্ঞানের পদ্ধতিতে মন নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে আজ অর্ধশতাব্দীর উপর। পাভলভ এই পদ্ধতির আবিষ্কর্তা। এঁরা দেখিয়েছেন মানসিকতা প্রধানত পরিবেশনির্ভর। এ-ছাড়া প্রাণীজগতেও যে অবিরাম বাঁচবার সংগ্রাম চলছে — একথাও আজ আর বিজ্ঞান স্বীকার করে না। প্রতিযোগিতার পাশে-পাশে সহযোগিতা আছে। এবং অনেক জীববিজ্ঞানী জোরের সঙ্গে বলেছেন — প্রতিযোগিতা নয়, সহযোগিতাই আসলে বিবর্তনের কারণ।

মানব-সমাজেও আছে প্রতিযোগিতার পাশে-পাশে সহযোগিতা। যে-কোনো জিনিস উৎপাদন করতে গেলে পারস্পরিক সহযোগিতা ছাড়া চলেই না। একটু তলিয়ে দেখলেই বোঝা যাবে — সমাজ-জীবনেও সাধারণত সহযোগিতা প্রতিযোগিতার চেয়ে বেশি শক্তিশালী। দুঃখের বিষয় আমাদের দেশে সমাজবিজ্ঞান, জীববিজ্ঞান, মনোবিজ্ঞানের এই সুস্থ ধারাটির প্রচার আলোচনা অতি সীমিত। এই পারমাণবিক যুগে, এই সঙ্কটময় পরিস্থিতিতে মানুষের জানা প্রয়োজন — সে কি ও কেমন! লক্ষ-লক্ষ বছর ধরে একসঙ্গে বাস করার ফলে, তার মধ্যে যে সহৃদয়তা, সহানুভূতি ও ভালোবাসার উন্মেষ হয়েছে — তার প্রভাব কতখানি তা জানা দরকার — বৈজ্ঞানিক আলোচনার মাধ্যমে। অন্ধ পাশব কামনা-বাসনা, না মানসিক সদ্‌গুণ — কোন্‌টি বেশি শক্তিশালী তা বোঝা দরকার। আধুনিক মনোবিজ্ঞান ও জীববিজ্ঞানের সূত্র ও তথ্যাবলির সঙ্গে তার আশু পরিচয় অত্যন্ত প্রয়োজন।

সেই উদ্দেশ্যে পাভলভ ইনস্টিটিউটের সভ্যগণের এই প্রচেষ্টা — 'মানব-মনের' প্রকাশন। সকল মানুষের সহযোগিতা ও সহানুভূতি আমাদের কাম্য ও পাথেয়। 7.8.61.

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
মনোভূমি তথা সংস্কার	অরুণা হালদার	5
নারী-পুরুষের মানসিকতার পার্থক্য বিশ্লেষণ	সবিতা মুখোপাধ্যায়	13
পিয়ের জেনেট-এর ভাববাদ সম্পর্কে	আই. পি. পাভলভ (অনুবাদ: উশ্রী গঙ্গোপাধ্যায়)	18
বিবাহকালীন মনোবিকার	ডাঃ অজিত দেব	22
শিশুর উচ্চতর স্নায়ু-প্রক্রিয়ার ক্রমবিকাশের বৈশিষ্ট্য	লিও অরবেলি (অনুবাদ: অরুণ চক্রবর্তী)	25
যক্ষ্মা রোগীর মন	ডাঃ সন্তোষ দাস	33
ইতিহাসের পরিপ্রেক্ষিত	আব্দুল করিম	40
ভারতে আর্যসভ্যতার ক্রমবিকাশ	ডঃ জানকীবল্লভ ভট্টাচার্য	46
কমলাকান্তের মন	গোপাল হালদার	52
পাভলভ পরিচিতি	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	55

বিশেষ দ্বিতীয় সংখ্যা 2

দাম এক টাকা

অক্টোবর 1961

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
পাভলভ স্মরণে		5
মনের কথা	দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়	7
বেদনারহিত সন্তান প্রসব	ডাঃ রুদ্রেন্দ্রকুমার পাল	9
বিচ্ছিন্নতার ভবিষ্যৎ	ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	15
প্রাচীন আর্য-সমাজে নারী ও পুরুষ	ডঃ জানকীবল্লভ ভট্টাচার্য	25
ঘুমের শারীরবৃত্ত সম্পর্কে কয়েকটি তথ্য	আই. পি. পাভলভ	30
মানব মস্তিষ্ক :	সবিতা মুখোপাধ্যায়	35
পর্দার উপর মস্তিষ্কের জৈব বিদ্যুৎ প্রবাহের ছবি	সমর গুপ্ত	42
মানুষ ও স্বয়ং চালিত যন্ত্র	তরুণ চট্টোপাধ্যায়	45
শিক্ষণে মনোবীক্ষণ	আব্দুল করিম	50
পাভলভ পরিচিতি	ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	56
মনোরোগের কারণ নির্ণয়	মনোবিদ	60

বর্ষ 1 সংখ্যা 1

দাম এক টাকা

জানুয়ারি-মার্চ 1962

সম্পাদকীয়

জীববিজ্ঞান, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান অঙ্গাঙ্গীসম্পৃক্ত। এককোষ প্রাণীর ক্রমবিবর্তনের পরিণতি মানবদেহ। মানবমস্তিষ্কের জটিল ক্রিয়াকলাপের সম্যক অনুধাবন ইতর প্রাণীর স্নায়ুতন্ত্রের গঠন ও বৃত্তির অনুশীলন সাপেক্ষ। মানবমনের সূক্ষ্মাতিসূক্ষ্ম অভিব্যক্তি ও মানবপ্রকৃতির কারণ ও স্বরূপ নির্ণয়ে মস্তিষ্ক ও স্নায়ুবিজ্ঞানের জ্ঞান অপরিহার্য, কেননা সর্বপ্রকার মানসিক ক্রিয়াই মস্তিষ্কাশ্রিত। আবার প্রাণীমস্তিষ্ক ও মানবমস্তিষ্কের সাংগঠনিক ও বৃত্তিক বিভিন্নতার সবিশেষ ও সম্পূর্ণ জ্ঞান ব্যতিরেকে মানবমনের বিচিত্র ও বিবিধ প্রতিক্রিয়া বুদ্ধিগম্য হতে পারে না। মানুষ সামাজিক জীব। সমাজবদ্ধ মানুষ বিশ্বপ্রকৃতিতে স্বকীয় শ্রমবিনিয়োগে পরিবর্তন-প্রয়াসী ও সত্যই পরিবর্তনক্ষম। যুথবদ্ধ পশু ও সমাজবদ্ধ মানুষের গুণগত বিভিন্নতা অনস্বীকার্য। লক্ষ লক্ষ বৎসরের শ্রমের ফলে মানবদেহে ও মস্তিষ্কে বহুবিধ পরিবর্তন সংসাধিত হয়েছে। এই সব পরিবর্তন মানুষকে — এমনকি বর্বর যুগের মানুষকেও, পশুদের অলভ্য অনেক গুণের অধিকারী করেছে। পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করার প্রেরণা ও প্রয়োজন থেকে ভাষার উৎপত্তি। ভাষা থেকে ভাষাভিত্তিক চিন্তার উন্মেষ। ফলে পশুজগৎ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন স্বকীয় স্বাতন্ত্র্যে প্রতিষ্ঠিত মানবজাতি।

মানবসমাজের ক্রমপরিবর্তন ঘটেছে ও ঘটছে। সামাজিক পরিবর্তনের সঙ্গে মানবপ্রকৃতির ও মানসিকতারও পরিবর্তন অনিবার্য। সমাজবিজ্ঞানের চর্চাও তাই মনোবিজ্ঞানীদের কাছে অপরিহার্য।

আমাদের উদ্দেশ্য কেবলমাত্র বিশুদ্ধ জ্ঞান বিতরণ বা বিজ্ঞানের ক্ষেত্রে নতুন আবিষ্ক্রিয়ার সংবাদ পরিবেশন নয়। মানুষে মানুষে, গোষ্ঠীতে গোষ্ঠীতে, জাতিতে জাতিতে যে মানসিকতার পার্থক্য ও দ্বন্দ্বের বিজ্ঞানভিত্তিক নিরসন-প্রয়াস আমাদের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।

আমাদের আকাঙ্ক্ষা হয়তো আমাদের সামান্য শক্তি ও সামর্থ্য-আনুপাতিক নয়; কিন্তু আমরা শক্তি সামর্থ্যের ক্রমোন্নয়নে বিশ্বাসী। প্রাকৃত-বিজ্ঞানের যথাযথ প্রয়োগ যেমন প্রকৃতিকে পরিবর্তিত করে মানবজাতির কল্যাণ সাধনে সক্ষম, তেমনি মনোবিজ্ঞানের গবেষণালব্ধ সূত্রগুলির প্রয়োগে মানসিকতা ও মানবিক সম্পর্কের উৎকর্ষ সাধন সম্ভব।

জৈবরসায়নের নব নব আবিষ্কার আজ প্রাণের প্রথম উন্মেষ রহস্যের সমাধান-সূত্রের সন্ধান দিয়েছে। " Life originated on earth at a certain necessary stage in the general historical development of matter''; বিশেষ পরিবেশে সুদূর অতীতে প্রাণের সাড়া জেগেছিল বস্তুর বুকে। . . . সে সাড়া বস্তুরই ঐতিহাসিক ক্রমোন্নয়নের ফল। নিজস্ব নির্দিষ্ট নিয়মে পার্থিব প্রাণ বিশেষ পরিণামক্রিয়ার (metabolism) অধীন। এই পরিণামক্রিয়ার পরিবর্তন ঘটে পরিবেশের পরিবৃত্তিতে। ফল — জীবদেহের সাংগঠনিক বিন্যাস ও জৈবক্রিয়ার ক্রম পরিবর্তন; নতুন গুণসমন্বিত নতুন প্রজাতির সৃষ্টি। ক্রমবিবর্তনের শেষ ধাপে হোমো-স্যাপিয়েন্সের আবির্ভাব। দেহের বৈশিষ্ট্য ও জটিলতার সঙ্গে নার্ভতন্ত্রেরও বৈশিষ্ট্য এবং জটিলতা অর্জন করল হোমো-স্যাপিয়েন্স।

প্রথম প্রাণের উন্মেষ থেকে মানব-চৈতন্য বিকাশের ধারাবাহিক ইতিহাস আজও হয়তো স্পষ্টতার দিক থেকে সুসম্পূর্ণ নয়, হয়তো এখনও কিছু কিছু অন্ধকারাচ্ছন্ন পরিচ্ছেদকন্দর নতুন আলোকপাতের অপেক্ষা রাখে; কিন্তু রহস্যবাদ বা অধ্যাত্মবাদের অবকাশ আজ নেই। প্রাণের বা চৈতন্যের উন্মেষ ব্যাখ্যায় অপার্থিব, অবাস্তব, অতীন্দ্রিয় কোনো শক্তির কল্পনা আজ বিজ্ঞানীর কাছে শুধু নিরর্থক নয়, হাস্যকর। জীববিজ্ঞান, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞানের আধুনিক ধারা শুধু কয়েকজন বিজ্ঞানুরাগীর কাছে নয়, জনসাধারণের কাছে সুব্যক্ত হওয়া দরকার। অদৃশ্য অজ্ঞেয় কোনো শক্তি (elan vital) বা নির্জ্ঞান মনের অদম্য প্রবৃত্তি যে ব্যক্তিমানস ও সমাজমানসের সংগঠক বা নির্দেশক নয় — মানুষের কাছে এ জ্ঞান সবিশেষ মূল্যবান। সামাজিক ও মানসিক পরিবর্তনের মধ্য দিয়ে আন্তর্মানবিক সম্পর্কের সমুন্নয়ন, আজ বিজ্ঞানের দৌলতে মানুষের প্রয়াসসাধ্য ও এই প্রয়াসে আমাদের সকলেরই ভূমিকা সুনির্দিষ্ট। আর সেই ভূমিকার দায়িত্ব গ্রহণ ও পালন আমাদের প্রত্যেকের প্রাথমিক কর্তব্য। 'মানবমন'-এর প্রকাশন পাভলভ ইনস্টিটিউটের সভ্যদের নির্দিষ্ট ভূমিকা। এই ভূমিকার দায়িত্ব পালনের প্রচেষ্টায় আন্তরিকতার অভাব কখনও পরিলক্ষিত হবে না, আমাদের দৃঢ় বিশ্বাস।

প্রাকৃতবিজ্ঞানের সূত্রপ্রয়োগে প্রকৃতিকে প্রয়োজনমত পরিবর্তিত করা আজ মানুষের কাছে আর স্বপ্ন নয়। আজ পরমাণু কেন্দ্র থেকে অসীম অন্তরীক্ষ পর্যন্ত সর্বত্র বিজ্ঞানের জয়যাত্রা অব্যাহত। জীবনবিজ্ঞানের বহু নতুন সূত্র আজ আবিষ্কৃত, বহু নতুন তথ্য অধিকৃত। মনোবিজ্ঞান, জীববিজ্ঞানের অধুনালব্ধ জ্ঞানের প্রয়োগে নতুন উন্নততর মানুষ সৃষ্টি আজ আর অসম্ভব নয়। আলডু হাক্সলি বা জর্জ অরওয়েল মানবজাতির ভবিষ্যতের যে অন্ধকারময় নিরাশার ছবি এঁকেছেন, মনোবিজ্ঞানী, জীববিজ্ঞানীর কাছে তা অবাস্তব। পাভলভ-প্রমুখ আধুনিক বস্তুনিষ্ঠ মনোবিজ্ঞানীদের মতে মানুষ পরিবেশের দাস নয়; পরিবেশকেও মানুষ প্রভাবিত করে, পরিবর্তিত করে। মানবসত্তার পক্ষে অকল্যাণকর রিফ্লেক্স, প্রজাতির পক্ষে ধ্বংসাত্মক ও ক্ষতিকারক রিফ্লেক্স, দীর্ঘস্থায়ী হতে পারে না। প্রতিকূল পরিবেশে ডায়নোসরদের বংশবিলুপ্তির নজির দ্বিতীয় সাংকেতিক-স্তর-সমন্বিত, উচ্চ মস্তিষ্ক-বিশিষ্ট মানবজাতির পক্ষে প্রযোজ্য নয়। প্রাকৃতিক বা সামাজিক — সর্বপ্রকার পরিবেশকে মানুষ অতীতে প্রভাবিত করেছে, পরিবর্তিত করেছে। জীববিজ্ঞানের নবলব্ধ জ্ঞান এই পরিবর্তনকে, এই প্রভাবকে আরও সুনিশ্চিত ও ত্বরান্বিত করবে বলে মনে করা অসঙ্গত নয়। কুলসংক্রমণ (heredity) তত্ত্বে মিচুরিন ও আধুনিক বস্তুবাদী জীববিজ্ঞানীদের অবদান আমাদের বিশ্বাসের ভিত্তি। নিম্নপ্রাণী ও উদ্ভিদে অর্জিত গুণাবলীর কুলসংক্রমণ তত্ত্ব আজ সর্বজন-স্বীকৃত। হেরম্যান মূলার প্রমুখ কিছু সংখ্যক পণ্ডিত ভয় পাচ্ছেন; কারণ, এঁদের মতে, বিবেচক, বুদ্ধিমান, সহৃদয় মানুষের প্রজননের হার বিপরীতধর্মী ইতর মানুষের প্রজননের হারের চেয়ে কমে আসছে। বিশেষ কোনো দেশ বা সমাজব্যবস্থার পক্ষে হয়ত এরকম হওয়াই স্বাভাবিক। কিন্তু আফ্রিকা এশিয়ার বহুদেশ গেল কয়েক বছরে, স্বাধীনতা অর্জন করেছে এবং জনসাধারণের মানসিক উৎকর্ষসাধনের জন্য উচ্চশিক্ষার ব্যবস্থা করেছে। সমাজতান্ত্রিক দেশগুলিতে শিক্ষার প্রসার ঘটছে। সুশিক্ষাই সদ্‌গুণদায়ক — এ বিষয়ে সকলেই একমত। তাছাড়া, অভাব, অনটন, দারিদ্র্য, উৎপীড়নও এই সব দেশে কমে আসছে। ফলে মানবমনের সদ্‌গুণাবলীর অবশ্যম্ভাবী বিকাশ ঘটছে। এখনও পর্যন্ত মানবজাতির ভবিষ্যৎ সম্বন্ধে আতঙ্কিত হবার কারণ ঘটেনি। অন্যদিকে, ইডিয়ট ও নিউরোটিকের সংখ্যাবৃদ্ধির ভীতিও অমূলক। জনসংখ্যা বৃদ্ধির ভিত্তির উপর প্রতিষ্ঠিত এই আতঙ্ক সম্বন্ধে এই সংখ্যার 'জনাতঙ্ক' প্রবন্ধে উল্লেখ আছে।

নিউক্লিক অ্যাসিডের উপাদান পরিবর্তিত করে জীবকোষের গুণ পরিবর্তনে সক্ষম হয়েছে বিজ্ঞান। জীবকোষের প্রতিটির মধ্যেই কুলসংক্রমণ ধর্ম বর্তমান এবং কুলসংক্রমক জিনের উপাদান এক প্রকার নিউক্লিক অ্যাসিড। জিনের তড়িৎচুম্বক ধর্মের বৈশিষ্ট্যের উপর কুলসংক্রমণ নির্ভরশীল। পরিণাম ক্রিয়ার (metabolism) পরিবর্তনে নিউক্লিক অ্যাসিডের উপাদান বদলে যায় ও তড়িৎচুম্বক (electromagnetic) ধর্মের, তথা কুলসংক্রমণগুণেরও পরিবর্তন ঘটে। পরিকল্পিত সৌজাত্যবিদ্যার (Eugenics) প্রসার মানবজাতির কল্যাণময় ভবিষ্যতের সূচনা।

মানব-মনের উৎকর্ষ সাধনে মানুষের আর্থিক, সামাজিক, রাষ্ট্রিক ব্যবস্থার উন্নয়নের প্রয়োজনীয়তা সর্বজন-স্বীকৃত; কিন্তু আর্থিক ও সামাজিক ব্যবস্থার উন্নতির সঙ্গে সঙ্গে স্বতঃস্ফূর্তভাবে মানসিক উন্নয়ন ঘটবে — এ ধারণা ঠিক নয়। মানসিক উন্নয়নের একটি প্রধান শর্ত অবৈজ্ঞানিক ভাবধারা ও কুসংস্কারের অবলোপ। বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার সম্প্রসারণ সব সময়ই বৈজ্ঞানিক চিন্তাধারার জনক নয়। পশ্চিমী দুনিয়ায়, দৈনন্দিন জীবনে বিজ্ঞানের প্রয়োগ ও বৈজ্ঞানিক আবিষ্ক্রিয়াকে উৎপাদনে নিয়োগ চলছে অনেকদিন ধরেই। তা বলে কি পুরনো তত্ত্বকথা বা ভাবধারার বিলোপ ঘটেছে? দিকপাল বিজ্ঞানীদের জীবনদর্শনেই দেখা গেছে অবৈজ্ঞানিক প্রতিক্রিয়াশীল ভাবধারা। বিশ্বপ্রকৃতি বা সমাজকে ব্যাখ্যা করতে গিয়ে জীনস্, এডিংটন, হাইসেনবার্গ বিজ্ঞানসম্মত চিন্তাধারা থেকে বিচ্যুত হয়েছেন অনেকসময়। বস্তুজগতের ব্যাখ্যায় অতীন্দ্রিয় শক্তির কল্পনা, অথবা অভিজ্ঞতালব্ধ জ্ঞানকে অস্বীকার — (এঁদের মত বিশ্বনন্দিত বিজ্ঞানীদের পক্ষে) আপাতদৃষ্টিতে অদ্ভুত বলে মনে হতে পারে। কিন্তু মনে রাখা দরকার, দ্বয়বাদ দর্শন (Dualistic Philosophy) হাজার হাজার বছর ধরে মানব-মনকে আচ্ছন্ন রেখেছে; বস্তুনিষ্ঠ দৃষ্টিভঙ্গি বা বৈজ্ঞানিক জীবনদর্শন তাই বিজ্ঞানীদেরও সহজায়ত্ত নয়। উপরন্তু, মস্তিষ্কবিজ্ঞান সম্মত মনোবিজ্ঞান — অদ্বয়-বস্তুবাদের প্রধান স্তম্ভ — এখনও স্বল্প পরিজ্ঞাত। বিশেষ ধরনের শিক্ষা ও প্রচার ছাড়া দ্বয়বাদের খণ্ডন সম্ভব নয়। বহুদিন প্রচলিত ধ্যানধারণার শক্তি কতখানি তা বোঝা যাবে হ্যারি. কে. ওয়েলেসের এই উক্তি থেকে, " Dualism - lip-service to mind as a function of the brain, while acting on the basis of its independence - it would appear still dominates, as Pavlov himself well knew, not only the popular mind but also the thinking of a great many scientists the world over."

আত্মা ও মনসংক্রান্ত রহস্যবাদ আজ বৈজ্ঞানিক লেবেলযুক্ত হয়ে জনসাধারণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করছে। বস্তুনিষ্ঠ সত্যের (objective truth) হদিশ বিজ্ঞানের আয়ত্তাধীন নয়, বলছেন নিও-পজিটিভিস্টরা। গোলাপের গন্ধ, বর্ণ, স্পর্শ আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য বৈজ্ঞানিক অনুসন্ধানসাপেক্ষ; কিন্তু গোলাপের অস্তিত্ব প্রমাণ বিজ্ঞানের এলাকাভুক্ত নয়, বলছেন এরা। এককথায় এঁরা গোলাপের তথা বিশ্বপ্রকৃতির বাস্তব অস্তিত্বে সন্দিহান করতে চাইছেন আমাদের। স্বতঃপ্রণোদিত ভাবে বাস্তব জগৎ তা হলে বস্তুবিযুক্ত হয়ে একটা 'আইডিয়া' বা 'স্পিরিটে' রূপান্তরিত হবে। যেহেতু ইলেকট্রন, প্রোটন, মেসন কণার অস্তিত্ব আলট্রামাইক্রোস্কোপেও সপ্রমাণ করা যায় না, শুধু ব্যবহার থেকে অনুমান করতে হয়; সেহেতু এঁদের মতে, এগুলোর অস্তিত্ব সন্দেহাতীত নয়। হাইসেনবার্গের কথায়, "Elementary particle is not material particle in space and time but, in a way, only a symbol on whose introduction the laws of nature assume an especially simple form." পরমাণু সম্বন্ধে যা সত্য, বিশ্বব্রহ্মাণ্ড সম্বন্ধে তাই সত্য হতে বাধ্য। কেননা বিশ্বব্রহ্মাণ্ড আসলে কোটি কোটি পরমাণু-সমষ্টি মাত্র! এইভাবে ভাববাদ-দর্শনকে বিজ্ঞানের লেবেল লাগিয়ে পুনরুজ্জীবিত করার চেষ্টা মানবতাবিরোধী! কেননা এই নিও-পজিটিভিস্টদের 'সেমান্টিক ভিত্তিক' তত্ত্বে 'ন্যায়-অন্যায়', 'বিচার-অবিচার', 'সুনীতি-দুর্নীতির' মধ্যে কোনো তফাত নেই। সবই শুধু বাক্যের ঝঙ্কার, কথার ফুলঝুরি! সবই স্যাবজেকটিভ, ব্যক্তিকেন্দ্রিক কল্পনা ও অনুমান। বস্তুনিষ্ঠ অব্জেকটিভ সত্য বলে কিছুরই অস্তিত্ব এঁরা স্বীকার করেন না। অথবা এমন কিছু স্বীকার করেন যা অতীন্দ্রিয় সুতরাং অনিয়ন্ত্রনণীয় ও অপরিকল্পনীয়।

নাগাসাকি হিরোসিমার অভিজ্ঞতার পর পরমাণুর অস্তিত্ব সম্বন্ধে উদাসীনতা অচিন্তনীয়। আইনস্টাইনের ফর্মুলা দুর্জ্ঞেয় হলেও জানি, বস্তুর তেজে রূপান্তরণ সম্ভব এবং আরও জানি সেই তেজ-বহ্নিতে পৃথিবীধ্বংসের সমূহ সম্ভাবনা! কাজেই বিচার-অবিচার, ন্যায়-অন্যায় সম্বন্ধে নির্বিকার থাকা মানুষের পক্ষে অকল্পনীয় ও অন্যায়। মিথ্যা ধ্যানধারণা, কুসংস্কার, হিংসাদ্বেষ ইত্যাদি মুক্ত মানব-মন, পারস্পরিক প্রীতি-শ্রদ্ধায় ভাস্বর মানব-মন, বস্তুনিষ্ঠ-সত্য-ধৃত মানব-মন, যুক্তিবাদী মানব-মন, এই বিজ্ঞানের যুগে পরিকল্পনীয় ও সে-পরিকল্পনার রূপদান সম্ভাবনীয়। মানব-মনের সুপরিকল্পিত উন্নয়ন মানবজাতির মঙ্গলময় নিরাপদ ভবিষ্যৎ-গঠনের পক্ষে অপরিহার্য।

আনুষ্ঠানিকভাবে এই প্রথম সংখ্যা প্রকাশের পূর্বে 1961 সালে 'মানবমন'-এর দুটি সঙ্কলন প্রকাশিত হয়েছে। বাঙালী পাঠকদের সর্বজনবিদিত উন্নতরুচির পরিচয় দিয়েছে ঐ দুটি সংখ্যার চাহিদা। প্রথম সংখ্যাটি প্রকাশের দশদিনের মধ্যেই নিঃশেষিত হয়ে যায়। তারপর থেকে প্রথম সংখ্যাটি চেয়ে দুশোর বেশি পাঠক পত্র দিয়েছেন। অত্যন্ত দুঃখিত, আমরা এখনো তাঁদের চাহিদা

মেটাতে সক্ষম হইনি। দ্বিতীয়টির (বিশেষ পাভলভ সংখ্যা) মুদ্রনসংখ্যা দ্বিগুণ হওয়ায় এখনও কিছু সংখ্যক কাগজ আমাদের ভাণ্ডারে মজুত আছে; তবে জানুয়ারী মাসের মধ্যেই সেগুলি নিঃশেষিত হবে বলে মনে হয়। এই জনপ্রিয়তার মূলে আছে নগরীর বিশিষ্ট দৈনিক ও সাপ্তাহিক পত্রগুলির সহৃদয় সমালোচনা ও এই নবজাতকের প্রতি তাঁদের আন্তরিক সহানুভূতি। বাংলাদেশের সুরুচিসম্পন্ন প্রতিটি পাঠক ও বিশিষ্ট পত্রিকাগুলির সম্পাদকমণ্ডলীকে অজস্র ধন্যবাদ ও অকৃত্রিম কৃতজ্ঞতা জানাবার সুযোগ পেয়ে আমরা আনন্দিত।

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
পাভলভ-গবেষণাগারে দুইদিন	রুদ্রেন্দ্রকুমার পাল	1
পাভলভ পরিচিতি (রিফ্লেক্স বা পরাবর্ত)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	5
আমেরিকা যুক্তরাষ্ট্রে শিক্ষাব্যবস্থায় ফ্রয়েডবাদ ও প্রয়োগবাদ	প্রমোদরঞ্জন সেনগুপ্ত	15
মনোরোগের কারণ নির্ণয়	মনোবিদ	21
জনাতঙ্ক	অমিয়া গঙ্গোপাধ্যায়	26
মস্তিষ্কের অভ্যন্তরে	এম. ইয়ানোফস্কায়া (অনুবাদ: সবিতা মুখোপাধ্যায়)	32
মানসিক শ্রমের বৈপ্লবিক রূপান্তর	তরুণ চট্টোপাধ্যায়	36
প্রক্ষোভ	দোসেন্ত পে. এম. ইয়াকবসন (অনুবাদ: অরুণ চক্রবর্তী)	40
শিল্পধর্মী ও চিন্তাধর্মী মস্তিষ্ক সম্পর্কে:	আই. পি. পাভলভ (অনুবাদ: পরিতোষ গুপ্ত)	46
মনের কথা (১)	দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়	49
জীব ও জীবাণু	সন্তোষকুমার দাস	51
পুস্তক-পরিচয় (সাইকলজি ইন্ দি সোভিয়েত ইউনিয়ন)	অরুণা হালদার	54
সম্পাদকীয়		59

সম্পাদক : ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, সহ-সম্পাদক: অরুণ চক্রবর্তী

সম্পাদকীয় উপদেষ্টামণ্ডলী : ডাঃ রুদ্রেন্দ্রকুমার পাল, শ্রী গোপাল হালদার, ডাঃ সুধীন বন্দ্যোপাধ্যায়, ডক্টর জানকীবল্লভ ভট্টাচার্য, শ্রীদেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, ডাঃ অজিত দেব, ডক্টর অরুরা হালদার, ডাঃ বিনয় ভট্টাচার্য, ডাঃ সন্তোষ দাস, ডাঃ সন্তোষ বোস, শ্রী তরুণ চট্টোপাধ্যায়, ডাঃ জ্যোতির্ময় শর্মা, ডাঃ সোমনাথ মুখার্জি

বর্ষ 1 সংখ্যা 2 গ্রাহক চাঁদা চার টাকা কর্মসচিব সুভাষ রায় দাম এক টাকা এপ্রিল-জুন 1962

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
পাভলভ পরিচিতি	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	73
দশচক্রান্তের গবেষণা	মানসী দাশগুপ্তা	78
শেরিংটনের ভাববাদী চিন্তা সম্পর্কে	আই. পি. পাভলভ (অনুবাদ: পরিতোষ গুপ্ত)	85
আধুনিক উপন্যাসে বিভ্রান্তি ও আতঙ্কের সুর	সমালোচক ঘোষ	89
মনোরোগের কারণ নির্ণয়	মনোবিদ	93
মানসিক ক্রমবিকাশ	দ্বিজেন্দ্রলাল গঙ্গোপাধ্যায়	100
জাতির মানসিকতার রূপায়ণে ইতিহাসের ভূমিকা	মোহম্মদ আবদুল করিম	104
পাভলভ ও বৈজ্ঞানিক বস্তুবাদ		109
জীবনদর্শন ও চিকিৎসাবিজ্ঞান	ইউ আখমেরভ (অনুবাদ: সোমনাথ মুখার্জি)	119
আমেরিকায় স্কুলশিক্ষায় প্রয়োগবাদের ফলাফল	প্রমোদরঞ্জন সেনগুপ্ত	117
পুস্তক আলোচনা (নতুন বই)	ডাঃ জ্যোতির্ময় শর্মা	126

বর্ষ 1 সংখ্যা 3

দাম এক টাকা জুলাই-সেপ্টেম্বর 1962

কর্মসচিব: সুভাষ রায়

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়		
ইয়ারক্স্ ও কোয়েলারের চিন্তাধারা সম্পর্কে	আই. পি. পাভলভ (অনুবাদ: পরিতোষ গুপ্ত)	4
উপজাতিদের সঙ্ঘ চেতনা	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	17
মানবমনের সুস্থতা ও বিকার	ডাঃ রুদ্রেন্দ্রকুমার পাল	25
পৃথিবীতে প্রাণের সূচনা	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	29
মানবমনের ক্রমবিকাশ	মনোবিদ	34
মাধ্যমিক শিক্ষায় আমেরিকা, ভারত ও সোভিয়েত	প্রমোদরঞ্জন সেনগুপ্ত	42
মনোরোগীর স্বরূপ নির্ণয়	ডাঃ অজিতকুমার দেব	65

কার্যনির্বাহক সমিতি: নৃপেন নাগ, অজিত নিয়োগী, দিলীপ ভট্টাচার্য, গুরুদাস লস্কর, দেবকুমার দে, সবিতা মুখোপাধ্যায় (অফিস সম্পাদিকা)

বর্ষ 1 সংখ্যা 4

দাম এক টাকা বিশেষ সংখ্যা অক্টোবর 1962

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
শ্রদ্ধার্ঘ্য		1
মানবমনের ক্রমবিকাশ	মনোবিৎ	2
পুরাতনের নব মূল্যায়ন	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	11
মনের কথা	দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়	19
মনোবিৎ এর ডায়েরি থেকে		22
আমেরিকা ও সোভিয়েত-এর শিক্ষক	প্রমোদরঞ্জন সেনগুপ্ত	29
সম্পাদকীয়	যুদ্ধ, শান্তি, মানবমন	41
যুদ্ধ, শান্তি ও মানবমন মানসিকতা রূপায়ণে ইতিহাসের ভূমিকা	মোহম্মদ আবদুল করিম	49
শিম্পাঞ্জী সম্পর্কিত পরীক্ষা-নিরীক্ষা ও কোয়েলারের মতবাদ	আই. পি. পাভলভ (অনুবাদ পরিতোষ গুপ্ত)	60
মনস্তত্ত্ব ও স্বপ্ন সমীক্ষা সম্পর্কে ফ্রয়েড ও পাভলভ	তরুণ চট্টোপাধ্যায়	64
সম্রাট (আলোচনাধর্মী নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	70

বর্ষ 2 সংখ্যা 1

দাম এক টাকা গ্রাহক সডাক চার টাকা জানুয়ারি-মার্চ 1963

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
হিস্টিরিয়ার লক্ষণতত্ত্বের শারীরবৃত্তিক বিশ্লেষণ	আই. পি. পাভলভ (অনু: পরিতোষ গুপ্ত)	1
জড় থেকে জঙ্গম (১)	সমর রায়চৌধুরী	6
রাসায়নিক বৈচিত্র্য ও প্রাণের প্রথম সূচনা	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	11

কয়েকটি বিষয়ে কলিকাতার জনমতের সমীক্ষা	সমীক্ষক	15
মহাকাশ-মনস্তত্ত্ব	জি. এস. আলেক্সিভিচ	23
টেলিপ্যাথি	আই. মালেভ এবং আই. পোদগর্নি	28
আমেরিকা ও সোভিয়েতের শিক্ষক	প্রমোদরঞ্জন সেনগুপ্ত	33
সাইকো সোমাটিক বা মানসদৈহিক অসুস্থতা	অজিতকুমার দেব	40
মস্তিষ্কের বিদ্যুৎতরঙ্গ	সন্তোষকুমার দাস	42
মনোবিৎ-এর ডায়েরি থেকে	পাভলভীয় পদ্ধতিতে নিউরোসিসের চিকিৎসা:	49

কার্যনির্বাহক সমিতি : সুভাষ রায় — কর্মসচিব, নৃপেন নাগ, গুরুদাস লস্কর, অজিত নিয়োগী, দেবকুমার দে, দিলীপ ভট্টাচার্য, সবিতা মুখোপাধ্যায় — (অফিস সম্পাদিকা)

বর্ষ 2 সংখ্যা 2

দাম এক টাকা এপ্রিল-জুন 1963

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
হিস্টিরিয়ার লক্ষণতত্ত্বের শারীরবৃত্তমূলক বিশ্লেষণ	আই. পি. পাভলভ (অনু: পরিতোষ গুপ্ত)	61
জড় থেকে জঙ্গম (২)	সমর রায়চৌধুরী	71
কলতুশি সংবাদ	(অনু: সবিতা মুখোপাধ্যায়)	81
প্রজনিক সংকেতের রূপ	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	84
মানসিক ব্যধি প্রতিরোধের উপায়	ডাঃ অজিত কুমার দেব	89
নিদ্রা-চিকিৎসা	(অনু: অরুণাচল বসু): পি. বুল	92
পত্র প্রসঙ্গে	বুদ্ধ্যঙ্ক ও কুলসংক্রমণ	97
চিঠিপত্র	যৌন-রিফ্লেক্স / আত্মহত্যা	99
সম্পাদক এর উত্তর দিয়েছেন		100
মনোবিদের ডায়েরী থেকে		107
বিজ্ঞান সাময়িকী	অধ্যাপক জন বার্নালের অভিমত	112
সম্পাদকীয়	রুগ্ন সমাজ	115
পুস্তক-পরিচয়: ভারত ও এশিয়ার শিক্ষাব্যবস্থা	আলোচক প্রমোদরঞ্জন সেনগুপ্ত	118

বর্ষ 2 সংখ্যা 3

দাম এক টাকা জুলাই-সেপ্টেম্বর 1963

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
ঘোষণা: জাতীয় সমৃদ্ধির জন্য প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করুন		119
মহাপণ্ডিত রাহুল সাংকৃত্যায়ন, অধ্যাপক কে. পি. চট্টোপাধ্যায়, গীতিকার শৈলেন রায় এই তিন ব্যক্তির মৃত্যুতে শোকজ্ঞাপন		120
ঘুমের শারীরবৃত্তিক বিশ্লেষণ	আই. পি. পাভলভ (অনু. পরিতোষ গুপ্ত)	121
জড় থেকে জঙ্গম (৩)	সমর রায়চৌধুরী	133
রোগনির্ণয়ে গণক যন্ত্র বা সিবারনেটিক্স ভাইরাসের জৈব সংশ্লেষণ:		144

	এল. ঝিলবার	148
বিজ্ঞান-সাময়িকী		153
মনোবিদের ডায়েরী থেকে		159
পত্র প্রসঙ্গে		164
সম্পাদকীয়	বিশ্ব-শান্তি ও নারী সমাজ	169
পুস্তক পরিচয়	আলোচক সন্তোষ বোস	173
নাট্য-সংবাদ		

বর্ষ 2 সংখ্যা 4

দাম এক টাকা

বিশেষ অক্টোবর 1963

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
জাতীয় অধ্যাপক ডক্টর শিশিরকুমার মিত্রর মৃত্যুতে শোকজ্ঞাপন, পাভলভের 115 তম জন্মদিন পালন		
সম্পাদকীয়: পাভলভ		
মানবমন ও মস্তিষ্ক	আই. পি. পাভলভ	177
শেরিংটনের দ্বয়বাদ এবং প্রাণ ও মনের স্বরূপ	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	188
যক্ষ্মা রোগের চিকিৎসা সম্বন্ধে আজকের কথা	সন্তোষকুমার দাস	191
মনোরোগের আধুনিক চিকিৎসা সম্বন্ধে অভিমত	ডাঃ অজিতকুমার দেব	195
মেচ্‌নিকফ্ ও বিবর্তনবাদ	পরিতোষ গুপ্ত	197
মানসিক রোগে 'শক' চিকিৎসা	সর্বাণীসহায় গুহসরকার	205
এই লেখার ওপর সম্পাদকীয় মতামত		208
একটি স্ত্রীচরিত্র (নাটক)		211
নাট্যকারের বক্তব্য	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	237
গ্রহান্তরে প্রাণের অস্তিত্ব	দিলীপ বসু	241
মানব মনের সুস্থতা ও বিকার (২) (পূর্বানুবৃত্তি):	রুদ্রেন্দ্রকুমার পাল	250
বিজ্ঞানের ক্ষেত্রে ঐতিহ্য ও রক্ষণশীলতা	তরুণ চট্টোপাধ্যায়	256
মনস্তাত্ত্বিক স্নায়ুবিজ্ঞানের বর্তমান ধারা	অধ্যাপক ভি. বনশিচকভ (অনু. রমেন্দ্রনাথ দাস)	263
মানব-মন ও প্রযুক্তিবিদ্যার ক্রমোন্নতি	এ. এন. লিওনটিয়েভ এবং ডি. ওয়াই পানভ (অনু. নৃপেন নাগ)	267
শ্রমের শারীরবৃত্তে পাভলভীয় অবদান	অরুণ চক্রবর্তী	284
বিজ্ঞান সাময়িকী		286

বর্ষ 3 সংখ্যা 1

দাম এক টাকা

জানুয়ারি-মার্চ 1964

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
আমাদের কথা		
সম্পাদকীয়		
গুরুমস্তিষ্ক ও বিশ্লেষণী অঙ্গ	আই. পি. পাভলভ	1
হিউম্যান ইঞ্জিনীয়ারিং — একটি নতুন বিজ্ঞান	মার্ক পপোভেস্কি	11
বিজ্ঞান সাময়িকী		16

মনোবিদের ডায়েরী		17
মানসিক রোগে ভেষজ চিকিৎসা	সর্বাণীসহায় গুহসরকার	27
পত্র-প্রসঙ্গে	বাণী দত্ত	29
বিচ্ছিন্নতার আলোচনা		35
শর্তাধীন চেষ্টিয় প্রক্রিয়ার প্রকৃতি ও গঠন বিন্যাস	এল. এস. তাম্‌বারিয়ান	43
মানবমনের প্রকৃতি ও আধুনিক জীববিজ্ঞানের ধারা	পরিতোষ গুপ্ত	49

বর্ষ 3 সংখ্যা 2

দাম এক টাকা **এপ্রিল-জুন 1964**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
প্রকৃতি বিজ্ঞান ও মস্তিষ্ক (অনু: পরিতোষ গুপ্ত)	আই. পি. পাভলভ	57
মানসিক অবসাদের ভেষজ চিকিৎসা	সর্বাণীসহায় গুহসরকার	66
ব্যথা প্রসঙ্গে:	অজিত কুমার দেব	68
সাময়িকী: ঘুমের মধ্য দিয়ে শিক্ষাগ্রহণ/জীবকোষের চৌম্বকশক্তি/আপনার বৃত্তি নির্বাচন কি সঠিক হয়েছিলো?		69
রবীন্দ্রনাথের মানবতাবাদ	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	74
মনোবিদের ডায়েরী	চিকিৎসক-রোগী সম্পর্ক	82
পত্র প্রসঙ্গে: ইয়ুং/অ্যাডলার	বাণী দত্ত	88
বিজ্ঞান সমায়কী: রোগনির্ণয়কারী যন্ত্র / যান্ত্রিক হৃৎপিণ্ড / প্রযুক্তিবিদ্যা ও শল্যচিকিৎসা / পরিপাক-ক্রিয়া সম্পর্কে একটি নতুন আবিষ্কার		
বিচ্ছিন্নতার আলোচনা, বিষয় — যন্ত্রদানব ও যন্ত্রমানব, পাভলভ ইনস্টিটিউট, মঙ্গলবার, সন্ধ্যা সাতটা।	(অংশগ্রহণ করছেন ইনস্টিটিউটের সভ্যগণ, আহ্বায়ক, সাংবাদিক ও আমন্ত্রিত সভ্য শংকর আচার্য)	
গণ-হিস্টিরিয়া (গণ-হিস্টিরিয়াতে যা ঘটতে পারে)	পর্যবেক্ষক	108
সম্পাদকীয়		114

বর্ষ 3 সংখ্যা 3

দাম এক টাকা **জুলাই-সেপ্টেম্বর 1964**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
শোক সংবাদ		
আমাদের কথা		120
গেস্‌টালট-মনস্তত্ত্ব	আই. পি. পাভলভ	121
রোগবিজ্ঞানের কয়েকটি তত্ত্বগত সমস্যা	জি. আই. তসারেগোরোতসেভ	126
মৃত্যুর পর পুনর্জন্ম লাভ		124
মনোবিদের ডায়েরী	প্রেম ও মনোবিকার	138
মস্তিষ্কের রহস্য	সাংবাদিক	145
মোহ উৎপাদক বা মাদক ভেষজ	সর্বাণীসহায় গুহসরকার	148
পত্র প্রসঙ্গে	বাণী দত্ত	151

দেহের ভেতরকার সংবাদ-সংকেত ব্যবস্থা		157
শিশুর উচ্চতর স্নায়ু-প্রক্রিয়ার ক্রমবিকাশের বৈশিষ্ট্য	লিওন আবগারোভিচ অরবেলি	161
বিজ্ঞান সাময়িকী		170
সম্পাদকীয়		

বর্ষ 3 সংখ্যা 4

দাম এক টাকা **বিশেষ সংখ্যা অক্টোবর 1964**

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও আচার্য ব্রজেন্দ্রনাথ শীলের শতবর্ষপূর্তি উপলক্ষে শ্রদ্ধাজ্ঞাপন		
পাভলভ স্মৃতি সংখ্যা: আমাদের কথা, পাভলভের ১১৬তম জন্মদিবস উদযাপন		171
সম্পাদকীয়:	আইভান পেত্রভিচ পাভলভ	173
গেস্টালট মনস্তত্ত্ব (2)	আই. পি. পাভলভ	177
ক্যানসার ও প্রাক-ক্যানসার জৈবিক ভিত্তি (অনু: অরুণ চক্রবর্তী)	আই. এস. নেইমান (মস্কো)	186
বস্তুবাদের পরিপ্রেক্ষিতে ইলেকট্রনিক মস্তিষ্ক	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	191
রঙ ও মন (অনু: সবিতা মুখোপাধ্যায়)	এম. বব্‌নেভা	195
নিয়েনডারথাল-মানব কি সত্যই বিলুপ্ত?	পরিতোষ গুপ্ত	199
শিলাকমল নাটকের ভূমিকা		204
শিলাকমল (নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	209
নৃতত্ত্ববিদ্যায় পাভলভের অবদান	নবেন্দু চক্রবর্তী	237
মানসিক রোগের ঔষুধ	সর্বাণীসহায় গুহসরকার	244
অবলুপ্তির পথে মনোরোগ	অধ্যাপক ভ্যাসিলি ব্যান্‌সিকভ এবং ইরমা রোমানোভা (অনু: উশ্রী গঙ্গোপাধ্যায়)	248
গণহিস্টিরিয়ার কারণ নির্ণয় ও প্রতিকার প্রধান বক্তা (পাভলভ ইনস্টিটিউট আয়োজিত আলোচনাসভা)	অধ্যাপক নির্মলকুমার বসু, সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	251
মনোবিদের ডায়েরী		258
বার্ধক্য বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	263
মনস্তত্ত্বে হাতুড়ে বৃত্তি	সন্তোষকুমার দাস	264
বিজ্ঞান সাময়িকী	ধী. না. গ.	268
বর্ষসূচী		274

কার্যনির্বাহক সমিতি: সুভাষ রায়, নৃপেন নাগ, গুরুদাস লস্কর, অজিত নিয়োগী, দেবকুমার দে, দিলীপ ভট্টাচার্য, সলিল দত্ত, পরিতোষ গুপ্ত, রমেন দাস, তন্ময় বন্দ্যোপাধ্যায়, সবিতা মুখোপাধ্যায়, নবেন্দু চক্রবর্তী, দিলীপ মুখার্জি

বর্ষ 4 সংখ্যা 1

দাম এক টাকা **জানুয়ারি-মার্চ 1965**

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**

বর্ষ 4 সংখ্যা 2

দাম এক টাকা এপ্রিল-জুন 1965

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
আমাদের কথা	সোভিয়েত প্রতিনিধিদলকে সম্বর্ধনা	53
সম্পাদকীয়	বিষবাষ্প ও বর্বরতা	55
কোয়েলারের চিন্তাধারা সম্পর্কে	আই. পি. পাভলভ (অনু. পরিতোষ গুপ্ত)	57
মানুষ ও প্রকৃতি	অসীমজ্যোতি দে	62
মনোবিদের ডায়েরী	প্রেম ও মনোবিকার	68
জাঁ পল সার্ত্র ও মনোবিজ্ঞান	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	74
গণহিস্টিরিয়া প্রতিরোধের সম্ভাব্য উপায় বিশ্লেষণ	অজিত দেব	78
বিচ্ছিন্নতার ভবিষ্যৎ:	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	80
আলোচনার উত্তরে (বিচ্ছিন্নতা বিষয়ক)		91
মানুষের ‘প্রাকৃতিক দর্শন’	বি. মুখার্জি	95
পুনরুজ্জীবনবাদের বর্তমান এবং ভবিষ্যৎ	ভি. এ. নেগোভস্কি	100
পার্থক্য-বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	105
জীবিকার্জনে নারী	সবিতা মুখোপাধ্যায়	109
পত্র প্রসঙ্গে	গণহিস্টিরিয়া ও প্রতিকার	114
নাটকের বিষয়বস্তু ও প্রতিপাদ্য	সাধন ভট্টাচার্য	117

বর্ষ 4 সংখ্যা 3

দাম এক টাকা জুলাই-সেপ্টেম্বর 1965

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
ক্রেস্‌মারের ‘ফিজিক এ্যান্ড ক্যারেকটার’ সম্পর্কে বইখানি (1):	আই. পি. পাভলভ (অনু. পরিতোষ গুপ্ত)	131
শ্রম ও বিশ্রাম	এ. মিয়াসনিকভ এবং এল. কাফুরিন	134
বার্ধক্য বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	137
প্রজনন বিদ্যার নিয়ম-কানুনের ভিত্তি	ডি. বেলিয়াকফ	144
সমাজতন্ত্র: কায়িক ও মানসিক শ্রম	এল. লিয়নটিয়েভ (অনু. উশ্রী গঙ্গোপাধ্যায়)	148
মানুষ ও প্রকৃতি	অসীমজ্যোতি দে	153
বিজ্ঞান সাময়িকী		
এড্রিনালিন, সেরোটোনিন ইত্যাদি	সর্বাণীসহায় গুহসরকার	163
অন্যথাচারণ: একটি সামাজিক আচরণ	কালিদাস বসু	185
মনোবিদের ডায়েরী	প্রেম ও মনোবিকার	173
পত্র প্রসঙ্গে	বাণী দত্ত	179
সম্পাদকীয়	গণমতের গুরুত্ব	184
আমাদের কথা		185

বর্ষ 4 সংখ্যা 4

দাম দুই টাকা **বিশেষ অক্টোবর 1965**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
মানুষ পাভলভ		
আচ্ছন্নতার অনুভূতি ও অতি-স্ববিরোধী অবস্থা (অধ্যাপক পিয়ের জেনেটের কাছে খোলা চিঠি)	পাভলভ	203
পরিবার পরিকল্পনা: সমাজতাত্ত্বিক ও মনস্তাত্ত্বিক দিক	পরিতোষ গুপ্ত	207
মানসিক স্বাস্থ্য সহায়ক ভেষজ	বি. মুখার্জি	211
অপরাধ সমস্যা: একটি প্রতিকার প্রস্তাব	দ্বিজেন্দ্রলাল গঙ্গোপাধ্যায়	118
কিশোর অপরাধের কারণ বিশ্লেষণ: মনস্তাত্ত্বিক ও সামাজিক	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	222
পদার্থবিদ্যার নতুন প্রসব বেদনা	তরুণ চট্টোপাধ্যায়	227
সাম্প্রদায়িকতা ও তার প্রতিকার	অচিন্ত্যেশ ঘোষ	237
জনতার সমাজ: আজকের আমরা	কালিদাস বসু	242
সাম্প্রদায়িকতা মনস্তত্ত্বের পটভূমি	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	247
গণহিস্টিরিয়া প্রসঙ্গে	সত্রাজিত দত্ত	256
সাইবারনেটিকস	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	259
শিক্ষাতত্ত্বের পাভলভীয় বিচার	নবেন্দু চক্রবর্তী	276
শিক্ষিত চাকুরে মেয়ের মনস্তত্ত্ব	সবিতা মুখোপাধ্যায়	285
বার্ধক্য বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	291
ডেলিংকোয়েন্সি বা দুষ্ক্রিয়তা	অজিতকুমার দেব	302
যন্ত্র ও যন্ত্রী	সন্তোষকুমার দাস	305
আধুনিক নাট্যচিন্তা	নাট্যকার মন্মথ রায়	309
আধুনিক সমাজ ও বাংলা নাটক	শ্রী আশুতোষ ভট্টাচার্য	311
সাম্প্রতিক নাটক প্রসঙ্গে	শ্রী অজিতকুমার বন্দ্যোপাধ্যায়	314
আধুনিক নাটকে যুগ-মানসের প্রতিফলন	অজিতকুমার ঘোষ	317
সম্পাদকীয়		321

বর্ষ 5 সংখ্যা 1

দাম এক টাকা **জানুয়ারি-মার্চ** 1966

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর মৃত্যুতে সভ্যদের শোকজ্ঞাপন		
আমাদের কথা		7
টেলিপ্যাথি: বৈজ্ঞানিক সত্য না কল্পনা?	পরিতোষ গুপ্ত	9
চুম্বক ও স্বাস্থ্য	ওয়াই. খোলোদভ	14
মানুষ ও প্রকৃতি	অসীমজ্যোতি দে	18
অপারেশন ফাউস্টাস (নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	22
অপারেশন ফাউস্টাস	ভূমিকা	45

প্রাণী বিজ্ঞানের নূতন সীমান্তে	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	45
বিজ্ঞান সাময়িকী		50
সেক্সপীয়রের দর্শক ও পাঠক (সেক্সপীয়র হিজ্ অডিয়েন্স এ্যাণ্ড হিজ রিডার্স: নীরেন্দ্রনাথ রায়)	অমিয়া গঙ্গোপাধ্যায়	54

বর্ষ 5 সংখ্যা 2

দাম এক টাকা **এপ্রিল-জুন 1966**

সম্পাদকীয় উপদেষ্টামণ্ডলী

ডাঃ রুদ্রেন্দ্রকুমার পাল, ডঃ দ্বিজেন গাঙ্গুলী, ডাঃ নীহার মুন্সী, ডাঃ সুধীন বন্দ্যোপাধ্যায়, ডাঃ অজিত দেব, ডাঃ সন্তোষ দাস, ডাঃ সন্তোষ বোস, ডাঃ বিনয় ভট্টাচার্য, ডাঃ নরেশ গঙ্গোপাধ্যায়, ডক্টর অরুণা হালদার, ডক্টর জানকীবল্লভ ভট্টাচার্য, শ্রীগোপাল হালদার, শ্রীতরুণ চট্টোপাধ্যায়, শ্রীদেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, ডাঃ জ্যোতির্ময় শর্মা, ডাঃ সোমনাথ মুখার্জি, ডাঃ জ্যোতির্ময় চট্টোপাধ্যায়

কার্যনির্বাহক সমিতি:

সুভাষ রায়, নৃপেন নাগ, অজিত নিয়োগী, দেবকুমার দে, দিলীপ ভট্টাচার্য, সলিল দত্ত, পরিতোষ গুপ্ত, তন্ময় বন্দ্যোপাধ্যায়, জগৎপতি রায়, নবেন্দু চক্রবর্তী, দিলীপ মুখার্জি, মলয় ভট্টাচার্য, সবিতা মুখোপাধ্যায়, সমর গুপ্ত

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
সম্পাদকীয়	গণতন্ত্র ও বিচ্ছিন্নতা	69
পক্ষপাতিত্বের সামাজিক এবং মনস্তাত্ত্বিক কারণ	নবেন্দু চক্রবর্তী	73
পারমাণবিক যুগের মনস্তত্ত্ব	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	82
মানুষ ও প্রকৃতি	অসীমজ্যোতি দে	84
বার্ধক্য বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	88
প্রাণের অগ্রদূত	পরিতোষ গুপ্ত	94
যারা আস্তে শেখে	অজিতকুমার দেব	98
মনোবিদের ডায়েরী	প্রেম ও মনোবিকার:	101
বিজ্ঞান সাময়িকী		106
গোলেম	উইলহেলম ডিক্‌টার	110
ফ্রয়েড: ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় (হ্যারি. কে. ওয়েলেস-এর 'ফ্রয়েড' পড়ে)		113
দুই সামাজিক ব্যবস্থা	দুই সামাজিক মনস্তত্ত্ব	120
পত্র-প্রসঙ্গে	বাণী দত্ত	125
আমাদের কথা		126

বর্ষ 5 সংখ্যা 3

দাম এক টাকা **জুলাই-সেপ্টেম্বর 1966**

সম্পাদক: ধীরেন্দ্রনাথ, সহ-সম্পাদক: অরুণ চক্রবর্তী

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
প্রচ্ছদে আমেরিকার বর্বর আক্রমণের বিরুদ্ধে সকল মানুষকে গর্জে ওঠার আহ্বান সাইবারনেটিক্‌স্ ও চিন্তা-প্রক্রিয়া	অধ্যাপক বি. জেডেনকো	137

চিকিৎসাবিজ্ঞানের কয়েকটি তত্ত্বগত সমস্যা	ভি. পেট্‌লেংকো	139
বার্ধক্য বিজ্ঞান প্রসঙ্গে	শ্রীবৃদ্ধ	142
কাজে ফাঁকির সামাজিক পশ্চাৎপট	অচিন্ত্যেশ ঘোষ	147
আধুনিক ভারতবর্ষে মনোরোগের চিকিৎসা	গুরুদেব হের	150
সোভিয়েট যুক্তরাষ্ট্রে মনোরোগের চিকিৎসা	রাফায়েল সুজডালনিট্‌সকি	152
আমেরিকার বিবেকের কাছে ইয়েভতুশেঙ্কোর আবেদন	জন স্টেইনবেকের চিঠি	154
ব্যক্তি ও পরিবেশ	এ. এফ. পলিস (রুশ ভাষা থেকে অনু. অরুণ চক্রবর্তী)	155
উনিশ শতকের গ্রাম্য সমাজ (বোড়াল)	অসীম মুখোপাধ্যায়	160
উত্তর ভিয়েতনামীদের প্রতি কানাডার চিকিৎসকদের শুভেচ্ছা ও সাহায্য		163
শিল্পী-মানসে সমকালীন বিরোধের প্রতিফলন	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	164
কোয়ান্টাম মেকানিকসের পরিপ্রেক্ষিতে জীববিদ্যা	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	171
বিজ্ঞান সাময়িকী	(অরুণ চক্রবর্তী ও নবেন্দু চক্রবর্তী সংকলিত)	174
মনোবিদের ডায়েরী		182
পত্র-প্রসঙ্গে:	বাণী দত্ত	187
পুস্তক আলোচনা (সাইকোলজি অ্যাজ ইউ মে লাইক ইট: প্লাটানভ)	আলোচক জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	189

বর্ষ 5 সংখ্যা 4

দাম দুই টাকা

বিশেষ সংখ্যা অক্টোবর 1966

বিষয়	**লেখক/ লেখিকার নাম**	**পৃষ্ঠা**
সম্পাদকীয়	ইভান পেত্রভিচ পাভলভ ও আধুনিক মনোবিজ্ঞান	205
উনমানসিকতা	দ্বিজেন্দ্রলাল গঙ্গোপাধ্যায়	209
পাভলভীয় মনোবিদ্যার কাছে নন্দনতত্ত্বর জিজ্ঞাসা	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	212
শিশুদের সমাজচেতনা ও উনমানসিকতা	সুবিমল দেব	214
আধুনিক মনোবিদ্যার নানা সমস্যা	অধ্যাপক আলেকজাণ্ডার লুরিয়া (অনু. জয়দেব বন্দ্যোপাধ্যায়)	217
আন্তর্জাতিক মনোবিজ্ঞান কংগ্রেস, অষ্টাদশ সম্মেলন	আনাতোল স্মিরনভ (অনু. জয়দেব বন্দ্যোপাধ্যায়)	219
মানব-মনের স্বাস্থ্য ও তার বিকার (3)	রুদ্রেন্দ্রকুমার পাল	222
সামাজিক বিযুক্তি ও সাহিত্যে নির্জনতা	কালিদাস বসু	229
আপনি কি সত্যিই ভালবেসেছেন?	বিশু দাস	234
আধুনিক জীববিজ্ঞান ও দ্বান্দ্বিক বস্তুবাদ	পরিতোষ গুপ্ত	238
প্রাণীবিজ্ঞানের ক্রমবিবর্তন ও তার দার্শনিক প্রভাব	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	245
লোক-কথায় মনস্তত্ত্ব	আশুতোষ ভট্টাচার্য	263
আধুনিক বাংলা কবিতায় বিচ্ছিন্নতা	নবেন্দু চক্রবর্তী	271
মস্তিষ্ক গবেষণা	অনু. গুরুদাস বন্দ্যোপাধ্যায়	282

মাইকোপ্লাজমা	তরুণ চট্টোপাধ্যায়	284
ধমনী কাঠিন্যের কারণ ও প্রতিকার	শ্রীবৃদ্ধ	286
যক্ষ্মারোগ ও আধুনিক মনোবিজ্ঞান	সন্তোষকুমার দাস	290
অনন্বয় (নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	295

বর্ষ 6 সংখ্যা 1

দাম 1.25 টাকা

জানুয়ারি-মার্চ 1967

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
আমাদের কথা		1
আধুনিক মনস্তত্ত্ব ও বিচ্ছিন্নতা	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	2
সাহিত্যে বিচ্ছিন্নতা ও সংযুক্তির সমস্যা	কৃষ্ণ ধর	17
জাপানী সাহিত্যে বিচ্ছিন্নতা	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	22
বিচ্ছিন্নতা	মোহিত চট্টোপাধ্যায়	27
সংযোগ-বিচ্ছেদ	সুনীল গঙ্গোপাধ্যায়	30
বিচ্ছিন্নতা (alienation) শিক্ষার ক্ষেত্রে	নির্মাল্য বাগচী	32
বিচ্ছিন্নতা ও আমাদের সাম্প্রতিক জীবন	রাম বসু	33
বিচ্ছেদ ভাবিয়া	বিষ্ণু দে	49
সভাপতির মন্তব্য	নির্মলকুমার বসু	50
বিচ্ছিন্নতা	গোপাল হালদার	58
উনিশ শতকের বাঙলার জাগরণ	নরহরি কবিরাজ	59

বর্ষ 6 সংখ্যা 2

দাম 1.25 টাকা

এপ্রিল-জুন 1967

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয় — বিচ্ছিন্নতা সমস্যা		69
মনোবিদের ডায়েরী — প্রেমাতঙ্ক	জয়াকাহিনী	73
জীবকোষের জন্মকথা	শ্রীবৃদ্ধ	79
বিচ্ছিন্নতার কথা	মণীন্দ্র রায়	81
বুদ্ধি বাড়ানো যায়	বিশু দাস	85
প্রয়োগবাদ: সাম্রাজ্যবাদের জীবনদর্শন	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	90
পরিবেশ ও মন	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	103
বায়োনিক্স্: একটি নতুন বিজ্ঞান, এফ. পবতনভ্		107
মনস্তত্ত্ব একটি সঠিক বিজ্ঞান		111
বিচ্ছিন্নতা প্রসঙ্গে (1)		115
বিচ্ছিন্নতা প্রসঙ্গে (2)		118
পত্র প্রসঙ্গে		121
পুস্তক সমালোচনা		125
বিজ্ঞান সাময়িকী: বিপরীত জগতের সন্ধানে		127

বর্ষ 6 সংখ্যা 3

দাম 1.25 টাকা **জুলাই-সেপ্টেম্বর 1967**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
আমাদের কথা		
সম্পাদকীয়		128
লোককথা অধ্যয়নে মার্কসীয় দৃষ্টিভঙ্গী	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	129
আধুনিক বাংলা কবিতায় বিচ্ছিন্নতা	নবেন্দু চক্রবর্তী	136
বিমূর্ত চিন্তা ও বিচ্ছিন্নতা	শরত রায়	153
সংযোগ বিচ্ছিন্নতা ও কবিতা	অমিতাভ দাশগুপ্ত	156
প্রজনন বিদ্যার এক নব অধ্যায়	ভ্যালেরি সরকার	159
পুস্তক সমালোচনা	সন্তোষ বসু	162
মনোবিদের ডায়েরী, জয়াকাহিনী: অস্তিবাদী বিচার	মনোবিদ	163
শিল্পযুগের সমস্যা	নৃপেন্দ্র গোস্বামী	169
স্বাস্থ্যের তড়িত সঞ্চায়ক ব্যাটারি	বি. মলিন	172
জীবকোষের জন্মকথা	শ্রীবৃদ্ধ	175
পত্র প্রসঙ্গে: যৌন রিফ্লেক্স	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	179

বর্ষ 6 সংখ্যা 4

দাম 2.50 টাকা **বিশেষ সংখ্যা অক্টোবর 1967**

সম্পাদক: ধীরেন্দ্রনাথ, সহ-সম্পাদক: অরুণ চক্রবর্তী

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়		
আমাদের কথা		
মস্তিষ্ককাণ্ডের তন্তুজালময় মজ্জা বা জালিকা সংগঠন (Reticular formation)	রুদ্রেন্দ্রকুমার পাল	201
সমাজতান্ত্রিক নৈতিকতা	নৃপেন্দ্র গোস্বামী	204
পাভলভীয় মনোবিজ্ঞান ও অধুনাতন সমাজচিন্তা	সত্যব্রত ঘোষ দস্তিদার	209
উন্নতির সহজ পথ	বিশু দাস	221
বাংলা নাটকে বিচ্ছিন্নতা প্রসঙ্গে	দেবব্রত রেজ	225
বিচ্ছিন্নতাবোধ ও শিল্পসাহিত্যে নানান ঝোঁক	দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়	237
সাহিত্যে বিচ্ছিন্নতা — জাপানী সাহিত্য প্রসঙ্গে	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	245
মনোরোগে বিচ্ছিন্নতার প্রভাব	অজিত কুমার দেব	250
যুদ্ধের নির্মমতা ও বিজ্ঞানীর দায়িত্ব	তরুণ চট্টোপাধ্যায়	253
পাভলভের অবদানের উত্তরাধিকারী	আকাদামিসিয়ন ভি. চের্নিগোভস্কি (অনু. অরুণাচল বসু)	258
মহাকাশ মনস্তত্ত্ব:	আকাদামিসিয়ন ভেসিলি প্যারিন (অনু. সবিতা মুখোপাধ্যায়)	262

মস্তিষ্কের রহস্য অনুসন্ধানে	(অনু. ও গ্রন্থনা পরিতোষ গুপ্ত)	266
শিল্পে বিচ্ছিন্নতা	চিন্তামণি কর	270
ব্যবস্থাপকের সন্ধানে মনোবিজ্ঞানী	মারিয়া প্লানকোভা (অনু. উশ্রী গঙ্গোপাধ্যায়)	273
রোগী ও বৈদ্য	সন্তোষকুমার দাস	275
আশ্রমিক (নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	280

বর্ষ 7 সংখ্যা 1

দাম 1.25 টাকা গ্রাহক চাঁদা পাঁচ টাকা জানুয়ারি-মার্চ 1968

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়		5
সোভিয়েতে জীবশাস্ত্রের মৌলিকতত্ত্ব অনুসন্ধান	তরুণ চট্টোপাধ্যায়	9
বিচ্ছিন্নতা: একটি সামাজিক সমস্যা	কালিদাস বসু	17
সোভিয়েত সাহিত্যে সমাজতান্ত্রিক বাস্তবতা: তত্ত্ব ও প্রয়োগের অভিজ্ঞতার সমীক্ষা	সত্যেন্দ্রনারায়ণ মজুমদার	25
ঘুমের মধ্যে বিদেশী ভাষা শিক্ষাদান সম্মোহন প্রসঙ্গে (পাভলভ ও ফ্রয়েড)		40
	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	41
রুশ বিপ্লবের পটভূমিকায় বিজ্ঞান,	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	50
সোভিয়েত যুক্তরাষ্ট্রে পরিবার	ইভগেনি বালাশুনকিন (অনু. সবিতা মুখোপাধ্যায়)	52
সমষ্টিবাদ বনাম অনুগামিতা	অধ্যাপক ঈগর কম্ (অনু. পরিতোষ গুপ্ত)	54
শ্রেণীহীন সমাজ:	অলেগ আলতেরোভিচ (অনু. শ্যামল বন্দ্যোপাধ্যায়)	57
মনোবিদের ডায়েরী		59

বর্ষ 7 সংখ্যা 2 (বিশেষ নববর্ষ সংখ্যা)

দাম 1.25 টাকা এপ্রিল-জুন 1968

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়		
রবীন্দ্রমানস বিশ্লেষণের ভূমিকা	মনোবিদ্	74
সম্মোহন প্রসঙ্গে (পাভলভ ও ফ্রয়েড)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	81
কার্ল রজারের 'আমি'বাদ	সুনন্দা ঘোষ	92
প্রজননের নতুন তথ্য	কালিময় ভট্টাচার্য	97
পৃথিবীর প্রথম প্রমেথিউস	পরিতোষ গুপ্ত	100
পত্র প্রসঙ্গে	বাণী দত্ত	103
কল্মাষপাদ নাটক	শ্রীকুইক্সট্ বিরচিত	105
আধুনিক বাংলা কবিতার সমীক্ষা	বিভুরঞ্জন গুহ	133
দৃষ্টির পরিবেশ	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	137
কোষের জন্মকথা	শ্রীবৃদ্ধ	140
বিজ্ঞান সাময়িকী (প্যারাসাইকোলজি)	তরুণ চট্টোপাধ্যায়	145
আমাদের কথা	নবেন্দু চক্রবর্তী	151

বর্ষ 7 সংখ্যা 3

দাম 1.25 টাকা **জুলাই-সেপ্টেম্বর 1968**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়	প্যারাসাইকোলজি	159
অণু, জীবাণু ও মানুষ	বি. মুখার্জি	161
শারীরবৃত্ত ও মনোরোগবিদ্যার পারস্পরিক সম্বন্ধ বিশ্লেষণ	অজিত দেব	167
শ্রদ্ধাঞ্জলি — মার্কস, লেনিন, ম্যাক্সিম গোর্কি প্রমুখ	তরুণ চট্টোপাধ্যায়	169
সম্মোহন প্রসঙ্গে (পাভলভ ও ফ্রয়েড)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	176
আধুনিক বাংলা কবিতার সমীক্ষা	বিভুরঞ্জন গুহ	187
মনোবিদের ডায়েরী	জয়া কাহিনী	197
বিজ্ঞান সাময়িকী		201
পত্র প্রসঙ্গে	বাণী দত্ত	207
কোষের জন্মকথা	শ্রীবৃদ্ধ	211
দেবদূতের ডানা	বিশু দাস	214

বর্ষ 7 সংখ্যা 4

দাম 2.50 টাকা **বিশেষ সংখ্যা অক্টোবর 1968**

বিষয়	লেখক/ লেখিকার নাম	পৃষ্ঠা
সম্পাদকীয়		229
ভ্রূণ ও শিশুর মস্তিষ্কের বিকাশ	রুদ্রেন্দ্রকুমার পাল	233
মৃচ্ছকটিকম্	নৃপেন্দ্র গোস্বামী	237
লেনিন ও মানুষের সমস্যা	মার্ক মিতিন	244
স্বপ্ন প্রসঙ্গে (পাভলভ ও ফ্রয়েড)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	249
মার্কসবাদ ও বিজ্ঞানচেতনা	জ্যোতির্ময় চট্টোপাধ্যায়	263
আধুনিক বাংলা কবিতার সমীক্ষা	বিভুরঞ্জন গুহ	267
বিজ্ঞান সাময়িকী		281
শিক্ষাসঙ্কট কেন এবং প্রতিকার কোথায়?	তরুণ চট্টোপাধ্যায়	289
ছাত্রবিক্ষোভ ও বিশৃঙ্খলতা	দ্বিজেন্দ্রলাল গঙ্গোপাধ্যায়	302
শিল্পসাহিত্য সংক্রান্ত কয়েকটি জরুরী প্রশ্নোত্তর	বিষ্ণু দে এবং নারায়ণ গঙ্গোপাধ্যায়	308
‘যুগান্ত’ সম্পর্কে সম্পাদকমণ্ডলীর বিচার		311
যুগান্ত (নাটক)	ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়	313

বর্ষ 8 সংখ্যা 1

দাম 1.25 টাকা গ্রাহক চাঁদা পাঁচ টাকা জানুয়ারি-মার্চ 1969

